

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

“বিজ্ঞপ্তি”


তারিখ: ১৬/০৮/২০১৬খ্রি:

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪১তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৬ উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত আগামী ১৭/০৮/২০১৬খ্রি: তারিখ বুধবার বিকাল ৩.০০ ঘটিকায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট অডিটোরিয়ামে আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। উক্ত আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য নিম্নলিখিত বিভাগসমূহ হতে ০১(এক) জন করে শিক্ষক এর নামের তালিকা অদ্য দুপুর ১.০০ টার মধ্যে উপাধ্যক্ষের নিকট জমা প্রদানের জন্য সংশ্লিষ্ট সম্মানিত বিভাগীয় প্রধানদের অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য যে, মনোনীত শিক্ষকগণ আগামী ১৭/০৮/২০১৬ তারিখ বেলা ২.০০ টার মধ্যে কলেজের ২নং গেটের সামনে উপস্থিত হয়ে কলেজ বাসে যেতে পারবেন।

বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

বিভাগসমূহ: বাংলা, ইংরেজি, অর্থনীতি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, পদার্থবিজ্ঞান, রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিদ্যা, গণিত, ভূগোল ও পরিবেশ বিভাগ এবং ব্যবস্থাপনা বিভাগ।


(প্রফেসর গায়ত্রী চ্যাটার্জী)
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

বিতরণ:-

- ১। উপাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
 - ২। বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট বিভাগসমূহ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
 - ৩। আহ্বায়ক, কলেজ ওয়েবসাইট পরিচালনা/তদারকি কমিটি।
- *বিজ্ঞপ্তিটি কলেজ ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।